



উপজেলা পরিষদ
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।



"উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র"

নোয়াখালী জেলার কোম্পানীগঞ্জ উপজেলার জানুয়ারি/২০২৩ মাসের উপজেলা পরিষদের মাসিক সাধারণ সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব মোহাম্মদ শাহাব উদ্দিন
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন।
তারিখ ও সময় : ২৯-০১-২০২৩খ্রিঃ, বেলা ১২:০০ টা।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপজেলা পরিষদ চেয়ারম্যান ও সভাপতি সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যক্রম পরিচালনার জন্য অনুরোধ করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃষ্টিকরণ করা হয়। এরপর বিভাগওয়ারী নিম্নোক্ত আলোচনাপূর্বক সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১। সম্প্রতি উপজেলা পরিষদ সাধারণ সভার সদস্যবৃন্দ বিভিন্ন দাপ্তরিক কাজ থাকায় সভায় তাদের প্রতিনিধি প্রেরণ করেন। ফলে সংশ্লিষ্ট দপ্তরের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণে সমস্যা হচ্ছে। যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরবর্তী সভায় সকল সদস্যকে উপস্থিত থাকার বিষয়ে আলোচনা করা হয়।	যুক্তিসঙ্গত কারণ ব্যতীত উপজেলা পরিষদের সাধারণ সভার সকল সদস্যকে স্বয়ং উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহীত হয়। সভার হাজিরা রেজিস্টার পর্যালোচনায় দেখা যায় নিম্নবর্ণিত ইউনিয়ন চেয়ারম্যান/কর্মকর্তাগণ এই সভাসহ গত দুই সভায় অনুমতি ব্যতীত অনুপস্থিত ছিলেন। ১) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। ২) সহকারী পরিচালক (সিপিপি), কোম্পানীগঞ্জ, নোয়াখালী। ৩) সহকারী স্টেশনমেন্ট অফিসার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। ৪) ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, কোম্পানীগঞ্জ, নোয়াখালী। পর পর তিন সভায় অনুপস্থিত সদস্যদের বিষয়ে তাদের উদ্ভবিতন কর্তৃপক্ষকে গোচরীভূত করা হবে।	সংশ্লিষ্ট সকল
২। উপজেলা স্বাস্থ্য বিভাগ ও উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, কোভিড-১৯ এর টিকা ৪র্থ ডোজ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে। সবাইকে টিকা গ্রহণ করার জন্য অনুরোধ করেন। এর বাইরে ৫-১৬ বছর বয়সী সকল শিশুকে কুমিনাশক ঔষধ প্রদান কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন।	কোভিড-১৯ এর টিকা কার্যক্রম এবং বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা
৩। উপজেলা কৃষি বিভাগ ও উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, ক) রবি/২০২২-২৩ মৌসুমে কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও অন্যান্য উপকরণ বিতরণ চলমান রয়েছে। খ) জোজ্য তেলের চাহিদা নিরূপনে সরিষার আবাদ বৃদ্ধির জন্য সার্বিক সহযোগিতা চলমান রয়েছে। গ) পুষ্টি চাহিদা মেটানোর জন্য কৃষকদেরকে পারিবারিক পুষ্টি বাগান এর জন্য বীজ ও অন্যান্য উপকরণ বিনামূল্যে বিতরণ করা হচ্ছে। ঘ) এছাড়া উপজেলা কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।	প্রকৃত কৃষকদের মাঝে বিনামূল্যে সার ও বীজ সরবরাহের সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা কৃষি অফিসার। খ) সকল ইউপি চেয়ারম্যান
৪। উপজেলা প্রাণি সম্পদ বিভাগ ও উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় ০৮টি প্রতিউসার প্রফের সদস্যদের মাঝে উপকরণ বিতরণ করা হয়। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	প্রাণি সম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পের আওতায় যাবতীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা।
৫। দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ ও উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
৬। পরিবার পরিকল্পনা বিভাগ ও উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা প.প. কর্মকর্তা

৭। উপজেলা সমাজসেবা বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমাজ সেবা কর্মকর্তা
৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ : উপজেলা শিক্ষা অফিসার সভায় সভায় জানান যে, এ বছর (২০২৩ সালে) কোম্পানীগঞ্জ উপজেলাতে ৫৫ (পঞ্চাশ) জন নতুন সহকারী শিক্ষক নিয়োগ পেয়েছে। যার মধ্যে ২৯ জন প্রাক-প্রাথমিক শিক্ষক (সৃষ্টি পদে) এবং রাজস্ব খাতে ২৬ জন শিক্ষক নিয়োগ পেয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ
৯। মৎস্য বিভাগ : উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, ক) জাটকা রক্ষায় অবৈধ জাল ধ্বংস করার লক্ষ্যে বিশেষ কক্ষি অপারেশন-২০২৩ চলমান রয়েছে। খ) জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ২ ধাপে বকনা বাছুর বিতরণ করা হচ্ছে। গ) নিবন্ধিত জেলেদের হালনাগাদ কার্যক্রম চলমান রয়েছে। ঘ) নতুন জেলে নিবন্ধনের কাজ চলমান রয়েছে। এছাড়া উপজেলা মৎস্য বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে বলে জানান।	প্রকৃত জেলেদের মাঝে বকনা বাছুর বিতরণের সিদ্ধান্ত গৃহীত হয়।	ক) উপজেলা মৎস্য কর্মকর্তা
১০। জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ : উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য সভায় জানান যে, ক) মানব সম্পদ উন্নয়ন প্রকল্প হতে পূর্বে বরাদ্দকৃত ৪টি পাবলিক টয়লেট হতে ৩টি পাবলিক টয়লেটের কাজ চলমান রয়েছে। এছাড়া ৩০-৪০ পরিবার ভিত্তিক ৫টি মিনি ওয়াটার সাপ্লাইয়ের কাজ চলমান রয়েছে। খ) পিইডিপি-৪ প্রকল্প হতে বিভিন্ন সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশ ব্লক ও পানির উৎস স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কোম্পানীগঞ্জ
১১। পল্লী উন্নয়ন বিভাগ : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা,
১২। মহিলা বিষয়ক অধিদপ্তর : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ক) মা ও শিশু সহায়তা কর্মসূচীতে আবেদনের সময়সীমা ৩১ জানুয়ারি পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। এছাড়া প্রতি মাসে ১-২০ তারিখের মধ্যে প্রত্যেক ইউনিয়নে আবেদন কার্যক্রম সম্পন্ন করতে হবে মাসিক বরাদ্দ অনুযায়ী। খ) ভিউরিউবি ২০২১-২২ চক্রের উপকারভোগীদের সঞ্চয়ের অর্থ উপকারভোগীদের মাঝে সঠিকভাবে বিতরণ করার জন্য অনুরোধ করেন। এছাড়া নতুন চক্র ২০২২-২৩ এ সঞ্চয়ের পরিমাণ ২২০/- টাকা নির্ধারণ করা হয়েছে এবং উপকারভোগীদের নিজস্ব ব্যাংক একাউন্ট খোলার জন্য অনুরোধ করেন।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
১৩। সমবায় বিভাগ : উপজেলা সমবায় কর্মকর্তা বলেন, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক আছে। এছাড়াও মাননীয় প্রধানমন্ত্রী মহোদয়ের নির্দেশনা মোতাবেক আশ্রয়ণ প্রকল্প-২ এর আওতায় নব নির্মিত আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের নিয়ে সমবায় সমিতি গঠনের লক্ষ্যে চরফকিরা ইউনিয়নের দিয়ারা বালুয়া গুচ্ছগ্রামে ১টি সমবায় সমিতি নিবন্ধন প্রদান করা হয়েছে। অন্যান্য ইউনিয়নে সমবায় সমিতি নিবন্ধনে সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের নিকট সর্বাত্মক সহযোগিতা কামনা করেন।	চরফকিরা ব্যতীত অন্যান্য ইউনিয়নের আশ্রয়ণ প্রকল্পের সুবিধাভোগীদের সমবায় সমিতির অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা সমবায় কর্মকর্তা
১৪। উপজেলা যুব উন্নয়ন বিভাগ : সভায় জানান যে, তার বিভাগের সকল বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধি মোতাবেক বিভাগীয় কার্যক্রম চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কোম্পানীগঞ্জ
১৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ : উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, "নতুন কারিকুলাম রূপরেখা ২০২১" ২০২৩ সাল থেকে শ্রেণী পর্যায়ে বাস্তবায়নের লক্ষ্যে কোম্পানীগঞ্জ উপজেলার বিদ্যালয় ও মাদ্রাসার মোট ৪২৮ জন শিক্ষকের ৫ দিনব্যাপী প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। সরকারিভাবে সরবরাহকৃত বিনামূল্যে পাঠ্যপুস্তক এ পর্যন্ত স্কুল পর্যায়ে ৬ষ্ঠ থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ৬৩.০৬% এবং মাদ্রাসার ১ম থেকে ৯ম শ্রেণী পর্যন্ত ৫২.৫৪% প্রদত্ত চাহিদার আলোকে প্রাপ্ত হয়েছে। প্রাপ্ত সকল পাঠ্যপুস্তক প্রতিষ্ঠানের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে বিতরণ সম্পন্ন হয়েছে। এছাড়া অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।	বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোম্পানীগঞ্জ

১৬। বন বিভাগ : ২০২২-২৩ অর্থবছরে বসুরহাট-সোনাপুর সড়কে (বসুরহাট-কোম্পানীগঞ্জের সীমানা পর্যন্ত) ২য় আর্ডারের বাগান সৃজন করা হয়েছে। উক্ত বাগান এলাকায় সড়কের প্রশস্ত করণ উন্নয়ন কাজ করার জন্য সড়কের পাশের গাছগুলি নিলামে বিক্রি করা প্রয়োজন। এছাড়া ২নং চরপার্বতী ইউনিয়নে ২০২১-২০২২ অর্থবছরে সুফল প্রকল্পের ৪৫০ ডি:মি: বাগান সৃজন করে ২২৫ জন উপকারভোগী নির্বাচন করা হয়েছে।	বিধি মোতাবেক এ সংক্রান্ত বিষয় কমিটিতে উপস্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়।	রেঞ্জ অফিসার, কোম্পানীগঞ্জ রেঞ্জ
১৭। পরিসংখ্যান বিভাগ : উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিসংখ্যান অফিসার, কোম্পানীগঞ্জ
১৮। সহকারী প্রোগ্রামার : উপজেলা সহকারী প্রোগ্রামার বলেন, ক) ওয়েব পোর্টাল এর সার্ভার মাইগ্রেশন এর কাজ চলমান রয়েছে। খ) শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন চলমান রয়েছে। গ) বাসিক আইসিটি প্রশিক্ষণের সেমিনার সম্পন্ন হয়েছে।	বিধি মোতাবেক সকল বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	সহকারী প্রোগ্রামার
১৯। উপজেলা খাদ্য অফিস : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
২০। শিক্ষা প্রকৌশল বিভাগ : উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	উপসহকারী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
২১। আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) : আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)
২২। ডিজিএম (পল্লী বিদ্যুৎ) : ডিজিএম (পল্লী বিদ্যুৎ) সভায় জানান যে, তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	ডিজিএম (পল্লী বিদ্যুৎ), কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৩। তথ্য কেন্দ্র : তথ্য সেবা কর্মকর্তা (তথ্য কেন্দ্র) সভায় জানান যে, ডোর টু ডোর সেবার প্রাথমিক স্বাস্থ্যসেবা (ডায়াবেটিস পরিমাপ, ব্লাড প্রেসার পরিমাপ, উচ্চতা পরিমাপ ও ওজন পরিমাপ), অনলাইন সেবা, লালসবুজ.কম, মার্কেট প্রেসে উদ্যোক্তা নিবন্ধন এবং ব্যবসায় ও কৃষি সম্পর্কে তথ্য প্রদান অব্যাহত রয়েছে। জানুয়ারি/২৩ মাস থেকে প্রতি মাসে ৫০ জন সেবা গ্রহীতা নিয়ে ০২টি করে উঠান বৈঠক সম্পন্ন করার নির্দেশনা রয়েছে। এছাড়া তার বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান আছে।	বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	তথ্য সেবা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
২৪। সেটেলমেন্ট বিভাগ : সহকারী সেটেলমেন্ট অফিসার সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৫। উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত না থাকায় তার বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা যায়নি।	পরবর্তী সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সঠিকভাবে চালিয়ে যাওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।	
২৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী বলেন, ৬৪/৭ম শ্রেণিতে পাঠাবইয়ের যে বিষয়ে আলোচনা হচ্ছে এ বিষয়ে যেন কোন সমস্যার সৃষ্টি না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সতর্ক থাকার জন্য অনুরোধ করেন।	পাঠাবইয়ের বিষয়ে যেন কোন বিশৃঙ্খলা সৃষ্টি না হয় সে বিষয়ে সকলকে সতর্ক থাকার সিদ্ধান্ত গৃহীত হয়েছে।	সংশ্লিষ্ট সকল
২৭। চেয়ারম্যান, ০২নং চরপার্বতী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী চৌধুরীহাট বাজারে পরিভ্রমণ স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কেন্দ্রটি সঠিকভাবে সংস্কার করার অনুরোধ করেন এবং চৌধুরীহাট বাজারে একটি কসাইখানা করার বিষয়ে অনুরোধ করেন।	সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৮। চেয়ারম্যান, ০৩নং চরহাজারী ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নে ০৯নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিক নির্মাণের বিষয়ে অনুরোধ করেন। চরহাজারী স্বাস্থ্য কমপ্লেক্সকে নর্মাল ডেলিভারী করার বিষয়ে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তাকে অনুরোধ করেন। এছাড়া চরহাজারী মহিলা কলেজের সামনে ছেদন করার বিষয়ে অনুরোধ করেন।	সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
২৯। চেয়ারম্যান, ০৫নং চরফকিরা ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নে ০৯নং ওয়ার্ডের ব্রাক এলাকা ভাঙ্গন কবলিত এলাকা তাই সেই এলাকায় সুপেয় পানির ব্যবস্থা ও বক্স কালবার্ট নির্মাণের বিষয়ে ব্যবস্থা গ্রহণের অনুরোধ করেন। এছাড়া চরফকিরা উচ্চ বিদ্যালয়ে শহীদ মিনার নির্মাণের জন্য সহযোগিতা কামনা করেন।	সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
৩০। চেয়ারম্যান, ০৬নং রামপুর ইউপি, কোম্পানীগঞ্জ, নোয়াখালী তার ইউনিয়নে ০৭নং ওয়ার্ডে কমিউনিটি ক্লিনিকের ছাদ থেকে পানি পড়া বন্ধ ও আসবাবপত্র সংকট নিরসনের জন্য সহযোগিতা করার অনুরোধ করেন। এছাড়া ইউপি ক্লিনিকের রাস্তা সরু হওয়ায় গাড়ী চলতে সমস্যা হয় বিধায় রাস্তা প্রশস্ত করার ব্যবস্থা গ্রহণ ও পাবলিক টয়লেট তৈরি করার জন্য দৃষ্টি আকর্ষণ করেন।	সংশ্লিষ্ট বিভাগ সমূহকে উক্ত সমস্যাগুলো সমাধানের বিষয়ে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।	সংশ্লিষ্ট সকল
৩১। উপজেলা পরিষদ বিবিধ : (ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল, উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের সম্মানী ভাতা, আপ্যায়ন ব্যয়, আনুষঙ্গিক ব্যয়, উপজেলা পরিষদের ইন্টারনেট বিল, উপজেলা পরিষদের বিদ্যুৎ বিল, সুইপার ও মালির মজুরী, পত্রিকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল	ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কোম্পানীগঞ্জ গ) উপজেলা নির্বাহী অফিসার, কোম্পানীগঞ্জ

২

৩

(খ) উপজেলা পরিষদের কোর্ট বিল্ডিং এর এস এস জানালা তৈরি পানির লাইন মেরামত, সোলার ব্যাটারি ক্রয়, অফিস আসিনা পরিষ্কার, প্রিন্টার মেরামত, কালি ক্রয় ও ইন্টারনেট রাউটার স্থাপন বাবদ ব্যয়িত ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সভায় উপস্থাপন করা হয়। (গ) ইজারা যোগ্য হাট-বাজারসমূহ/জলমহাল/খেয়াঘাট ইজারা প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।	হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) উপজেলা পরিষদের কোর্ট বিল্ডিং এর এস এস জানালা তৈরি পানির লাইন মেরামত, সোলার ব্যাটারি ক্রয়, অফিস আসিনা পরিষ্কার, প্রিন্টার মেরামত, কালি ক্রয় ও ইন্টারনেট রাউটার স্থাপন বাবদ ব্যয়িত ১,২৫,০০০/- (এক লক্ষ পঁচিশ হাজার) টাকা উপজেলা রাজস্ব তহবিল হতে পরিশোধের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) ইজারা যোগ্য হাট-বাজারসমূহ/জলমহাল/খেয়াঘাট ইজারা প্রদানের জন্য সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।	
---	--	--

কোম্পানীগঞ্জ উপজেলার শান্তি ও সমৃদ্ধির জন্য সবাইকে একসাথে কাজ করার আহবান জানানো হয়। ইউনিয়ন পরিষদের সকল চেয়ারম্যানকে উপজেলা আইন শৃঙ্খলা কমিটি ও উপজেলা পরিষদ সাধারণ সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করেন। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।


 (মোহাম্মদ শাহাব উদ্দিন)
 চেয়ারম্যান
 উপজেলা পরিষদ
 কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

স্মারক নম্বর : ০৫.৪২.৭৫২১.০০০.০৬.০০১.২৩- ৩৪৫

তারিখ : ১৩ ফেব্রুয়ারি ২০২৩

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে / জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো-

- ০১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। [মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]
- ০৫। জেলা প্রশাসক, নোয়াখালী।
- ০৬। উপপরিচালক, স্থানীয় সরকার, নোয়াখালী।
- ০৭। উপজেলা কর্মকর্তা, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।
- ০৮। চেয়ারম্যান, ... ইউনিয়ন পরিষদ, কোম্পানীগঞ্জ, নোয়াখালী।


 মোঃ মেজবা উল আলম ভূঁইয়া
 উপজেলা নির্বাহী অফিসার
 কোম্পানীগঞ্জ, নোয়াখালী।

ফোন : ০২৩৩৪৪৯৪২০৪
 E-mail : unocmpunigangjonnokhali@mo.gov.bd